গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় : উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : বিধান কান্তি হালদার
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৭/০১/২০২৬ খ্রিঃ

সভার সময় : সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ৩০/১২/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহীত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে চলতি বরো মৌসুমে মাঠ পর্যায়ে চারা রোপন কার্যক্রম শুরু হয়েছে। সরকার তামাক চাষে নিরুৎসাহিত করণের অংশ হিসেবে যে সকল কৃষক তামাক চাষ করবেন তাদের কাছে রাসায়নিক সার বিক্রয়ের নিষেধাজ্ঞা রয়েছে। বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয় দমন/প্রতিরোধে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ দ্বারা নিয়মিত পরিদর্শন করতে হবে। সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, এর প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিক্যাল অফিসারের সংকট থাকার কারণে বহিঃবিভাগে রোগিদের চিকিৎসা প্রদানে কিছুটা হিমশিম হচ্ছে। মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম চলমান রয়েছে। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যন্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | আদিতমারী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে বহিঃবিভাগে রোগির চিকিৎসা সেবা অব্যাহত রাখতে হবে। মেডিক্যাল অফিসারের সংকট সমাধানে যথাযথ কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে অবহিত করতে হবে। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মেডিক্যাল টিম সার্বক্ষনিক প্রস্তুত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমানে মাঠ পর্যায়ে কোরবানী ঈদের প্রস্তুতি হিসেবে গরু/ছাগল মোটাতাজাকরণ কার্যক্রমে খামারিদে সুপরামর্শ প্রদান করা হচ্ছে। উদ্বুদ্ধকরণ উঠান বৈঠক, ফ্রি-মেডিক্যাল ক্যাম্প ও ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। গবাদি পশুর লাম্পিস্কিন ডিজিজ এর ভ্যাকসিনেশন প্রয়োগ কার্যক্রম সরকারি ও বে-সরকারি পর্যায়ে চলমান রাখার জন্য খামারিদের সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। আক্রান্ত পশুর শ্লেষ্মা, লালা, রক্ত, মাংস, হাড়, নাড়ী-ভূড়ি, চামড়া বা পশমের সংস্পর্শে এলে মানুষও এ রোগে আক্রান্ত হতে পারে। তাই অসুস্থ পশু জবাই করা যাবে না। মৃত পশু খোলা স্থানে ফেলা থেকে বিরত থাকতে হবে। মৃত পশু মাটিতে গভীরভাবে পুঁতে ফেলতে হবে। আক্রান্ত গবাদিপশুর চিকিৎসা ও পরামর্শের জন্য দ্রুত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করতে অনুরোধ জানান। | মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রামক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। এ উপজেলার সকল গবাদি পশুকে ভেকসিনেশনের আওতায় আনতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রকৌশল বিভাগ | (ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ ও গণভোট উপলক্ষে ভোট কেন্দ্রগুলো পরিদর্শন করা হচ্ছে। ছোটখাটো মেরামতের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। যেগুলো তাৎক্ষনিক মেরামতযোগ্য সেগুলো মেরামতের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(খ) তিনি সভায় আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগের বাজেট শাখা হতে গত ২২ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০. ০২৩.০২০.০০১.২০২৫(অংশ-১)-১৫০ নং স্মারক পত্রে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২৬ ও গণভোগ উপলক্ষ্যে এ উপজেলার ঝুঁকিপূর্ণ ৩১টি ভোট কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপনের জন্য ১০,১৬,৮০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বর্ণিত পত্রে জেলা প্রশাসকের অনুমোদন ক্রমে উপজেলা নির্বাহী অফিসার ক্রয়কারী হিসেবে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করবেন মর্মে জানানো হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(গ) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত ডিসেম্বর/২৫ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২৬ ও গণভোট উপলক্ষে এ উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়াটারটি ব্যবহার উপযোগী করার নিমিত্ত মেরামত/সংস্কারের জন্য সরেজমিন পরিদর্শনপূর্বক ১,৭৭,৩৫১/-টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। বর্ণিত প্রাক্কলনটি সভায় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এর ব্যয় নির্বাহের প্রস্তাব করেন।<br>(ঘ) তিনি সভায় আরো জানান যে, গত অক্টোবর/২৫ মাসের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদে হস্তান্তরিত প্রমোট ভবনটি জরেজমিন পরিদর্শনপূর্বক জরুরী মেরামত/সংস্কারের জন্য ৯০,০০০/-(নব্বই হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় বর্ণিত প্রাক্কলনটি অনুমোদনের জন্য পেশ করেন। বর্ণিত ব্যয় প্রমোট ভবনের নিজস্ব অর্থ হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | (ক) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২৬ ও গণভোগ উপলক্ষ্যে ভোট কেন্দ্রগুলোর প্রয়োজনীয় মেরামত/সংস্কার কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br>(খ) স্থানীয় সরকার বিভাগের বাজেট শাখার গত ২২ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০. ০২৩.০২০. ০০১.২০২৫(অংশ-১)-১৫০ নং স্মারক পত্রের নির্দেশনা যথাযথভাবে পালন করে ঝুঁকিপূর্ন ভোট কেন্দ্রগুলোতে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।<br>(গ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২৬ ও গণভোট উপলক্ষে এ উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়াটারটি মেরামত/ সংস্কারের জন্য প্রস্তুতকৃত ১,৭৭,৩৫১/-টাকার প্রাক্কলনসহ নিম্নোক্ত প্রকল্প কমিটি অনুমোদন করা হলো।<br>প্রকল্প কমিটিঃ<br>(১) চেয়ারম্যান, ভাদাই ইউনিয়ন পরিষদ,আদিতমারী- সভাপতি (২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী -সম্পাদক (৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী -সদস্য (৪) উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী - সদস্য (৫) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী - সদস্য (৬) জনাব মোঃ আব্দুর রাজ্জাক উপ- প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস, আদিতমারী- সদস্য (৭) জনাব মোঃ হাফিজুর রহমান, অফিস সহকারী-পিআইও অফিস-সদস্য।<br><br>(ঘ) সভায় উপজেলা পরিষদের প্রমোট ভবন মেরামত/সংস্কারের নিমিত্ত পেশকৃত ৯০,০০০/- (নব্বই হাজার) টাকার প্রাক্কলন অনুমোদনসহ নিম্নোক্ত পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। বর্ণিত ব্যয় প্রমোট ভবনের নিজস্ব অর্থ হতে নির্বাহ হবে।<br>প্রকল্প কমিটি নিম্নরুপ:<br>প্রকল্প কমিটিঃ<br>(১) চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী - সভাপতি (২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী -সম্পাদক (৩) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী- সদস্য (৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী - সদস্য (৫) উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী - সদস্য (৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী - সদস্য (৭) জনাব মোঃ আব্দুর রাজ্জাক উপ-প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস আদিতমারী-সদস্য | উপজেলা প্রকৌশলী/ প্রাথমিক শিক্ষা অফিসার/ মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

চলমান পাতা-০৩

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী সভায় জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ ও গণভোট উপলক্ষে প্রচার প্রচারণার অংশ হিসেবে ইতোমধ্যে ৩০০০টি লিপলেট বিতরণ করা হয়েছে। যে সকল প্রাথমিক বিদ্যালয় গুলোতে ভোট কেন্দ্র রয়েছে সেগুলো ভোট কেন্দ্রের জন্য প্রস্তুত করা হচ্ছে। ১১ ফেব্রুয়ারি/২৬ সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারের নিকট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ যেন চাবি হস্তান্তর করেন এ বিষয়ে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ ও গণভোট উপলক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রগুলো প্রস্তুত রাখতে হবে। ১১ ফেব্রুয়ারি/২৬ সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারের নিকট বিদ্যালয়ের চাবি হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী। |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি জানান যে, ২০২৬ শিক্ষা বর্ষের মাধ্যমিক পর্যায়ে সকল পাঠ্যপুস্তক হাতে এসে পৌছেছে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। এসএসসি/দাখিল/সমমান পরীক্ষা ২০২৬ এর ফরম পূরণ শেষ হয়েছে এবং ২১/০৪/২০২৬ খ্রি. হতে পরীক্ষা শুরু হবে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা চলমান যা চলতি জানুয়ারি মাসে শেষ হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ ও গণভোট উপলক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রগুলো প্রস্তুত রাখতে হবে। ১১ ফেব্রুয়ারি/২৬ সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারের নিকট বিদ্যালয়ের চাবি হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর ১ম পর্যায়ের বরাদ্দ অনুযায়ী প্রকল্পসমূহ বাস্তবায়ণ ১০০% সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ের কাবিখা, কাবিটা ও টিআর বরাদ্দ অনুযায়ী প্রকল্পসমূহ অনুমোদনের জন্য জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্য বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছর থেকে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সকল ভাতাভোগীগণকে তার নিজ এনআইডির মাধ্যমে মোবাইল সিম (যে নম্বরে ভাতা পান) নিবন্ধন থাকতে হবে। অন্যথায় ভাতা বন্ধ হয়ে যাবে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রচার প্রচারনায় সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এ উপজেলা রোগী কল্যাণ সমিতির কার্যক্রম চলমান আছে। যার মাধ্যমে উপজেলা দরিদ্র, অসহায়, দুঃস্থ রোগীদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সম্মতি সাপেক্ষে বিনামূল্যে ঔষধপত্র প্রদান করা হয়। উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। ইতোমধ্যে শতাধিক আবেদন পত্র জমা হয়েছে। যা যাচাই বাছাই অন্তে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা সমাজকল্যাণ কমিটির সভা আহ্বান করতে হবে এবং যাচাই বাছাই অন্তে বরাদ্দ প্রাপ্ত আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী। |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, এ উপজেলার মৎস্যজীবি কার্ড হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে জানা গেল না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ অফিসার, আদিতমারী। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ২টি ব্যাচে মোট ৬০ জন যুবক ও যুব নারীদের নিয়ে গাভীপালন বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং খেলাপি ঋণ আদায়ে তৎপর থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০৪

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে জানা গেল না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১৬ প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এর মধ্যে ০৪টি নির্মাণ ইতোমধ্যে শেষ হয়েছে ১২টির কাজ চলমান রয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ ও গণভোট উপলক্ষ্যে ভোট কেন্দ্রগুলোর পুরাতন ওয়াশব্লকগুলো সচল করার কাজ চলমান রয়েছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | পিইডিপি-৪ প্রকল্পের আওতায় চলমান ১২টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণ কাজ নিয়মিত মনিটরিং করতে হবে এবং জাতীয় সংসদ নির্বাচনের পূর্বেই যথাযথ ভাবে নির্মাণ কাজ শেষ করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী এর প্রতিনিধি সভায় জানান যে, **(১) বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ৮৯ টি, গ) অডিট নোট দাখিল- ৭৫টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি। **(২) অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস- ১১৯০০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ১১৯০০/- গ) অনাদায়ী অডিট সেস- নেই, ঘ) ১৫% ভ্যাট আদায়- ১৭৮৫/- টাকা, ঙ) আদায় হার- ১০০%। **(৩) সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ৩৫৫৯/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ-৩৫৫৯/- টাকা,গ) অনাদায়ী সিডিএফ- নেই, ঘ) আদায় হার- ১০০%। **(৪) লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ (৫) আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা-৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/-টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৯৫২৮৮/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ভূক্ত সমিতি ও দল পর্যায়ে নিজস্ব মূলধন গঠন, ঋণ সুবিধা প্রদান, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। চলতি মাসে সঞ্চয় জমা হয়েছে ০.২৮ লক্ষ টাকা। ঋণ বিতরণ হয়েছে ৪.৫১ লক্ষ টাকা। মোট আদায় হয়েছে ৪.৫৫ লক্ষ টাকা। উপজেলা পল্লী উন্নয়ন অফিস হতে মোট সার্টিফিকেট মামলা হয়েছে ৫০টি নিষ্পত্তি হয়েছে ১৯টি অবশিষ্ট রয়েছে ৩১টি মামলা। এ ছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্টিফিকেট মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে আরো বেশি তৎপর হতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ২০২৫-২৬ অর্থ বছরে ৫০০০টি বিভিন্ন প্রজাতির চারা উত্তোলনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী লালমনিরহাট সভায় জানান যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ (ধান, চাল) কার্যক্রম ২০২৫-২৬ মৌসুমে ১০০% সম্পন্ন হয়েছে। এছাড়া ওএমএস কার্যক্রমের আওতায় ০২টি কেন্দ্রে ৫০০ কেজি করে চাল জন প্রতি সর্বোচ্চ ৫ (পাঁচ) কেজি করে ৩০/- টাকা দরে বিক্রয় কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ওএমএস কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষনিক উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, আদিতমারী। |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | সাব-রেজিষ্টার, আদিতমারী। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর কর্তৃক পরিচালিত বাংলাদেশ জেন্ডার অ্যান্ড এনভায়রমেন্ট সার্ভে (বিজিইএস) ২০২৫ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ০২ জানুয়ারি, ২০২৬ থেকে ১৭ জানুয়ারি, ২০২৬ খ্রি. পর্যন্ত সম্পন্ন হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো দেশের মোট দেশজ উৎপাদ বা GDP (Gross Domestic Product) নিরুপন করে থাকে এবং এরই ধারাবাহিকতায় বাংলাদেশে প্রথমবারের মত ত্রৈমাসিক দেশজ উৎপাদ বা QGDP (Quarterly Gross Domestic Product) এবং জেলা পর্যায়ে DGDP (District Gross Domestic Product) নিরুপনের জন্য লালমনিরহাট জেলার তথ্য সংগ্রহ কার্যক্রম গত ২৬ জানুয়ারি, ২০২৬ থেকে শুরু হয়ে আগামী ০৯ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. পর্যন্ত চলমান থাকবে।<br>দেশের গুরুত্বপূর্ণ এ কার্যক্রমে তথ্য সংগ্রহ কার্যক্রমে সহায়তার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানগণের সহায়তা কামনা করেন। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আদিতমারী, সভায় জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে আদিতমারী উপজেলায় মোট ভোট কেন্দ্র ৭২টি। প্রতিটি ভোটকেন্দ্রে মোট ১৩ জন করে আনসার সদস্য দায়িত্ব পালন করবেন। নির্বাচনে যেন আইন শৃংখলা পরিবেশ স্বাভাবিক থাকে এ বিষয়ে যাবতীয় কার্যক্রম চলমান রয়েছে। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ ও গণভোট উপলক্ষ্যে বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, আদিতমারী। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ ও গণভোট উপলক্ষ্যে বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত এ উপজেলার সকল ভোট কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, গত মাসে সর্বমোট অগ্নি নির্বাপন হয়েছে ১৫টি, মহড়া প্রদর্শন করা হয়েছে ০৪টি, গণসংযোগ করা হয়েছে ০৪টি। এছাড়া ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ ও গণভোট উপলক্ষ্যে ভোটের লিফলেট বিতরণ করা হয়েছে। | অগ্নি সংযোগ প্রতিরোধে সচেতনতামুলক মহড়া কার্যক্রমের বৃদ্ধি করতে হবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ ও গণভোট উপলক্ষ্যে যে কোন জরুরী পরিস্থিতির জন্য সদা প্রস্তুত থাকতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, জানুয়ারি/২৬ মাসে ঋন বিতরণ হয়েছে সর্বমোট ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা। আদায় হয়েছে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা। ক্রাশ প্রোগ্রাম, উকিল নোটিশ ও সার্ভিস চার্জ মওকুফের মাধ্যমে বকেয়া ঋণ আদারে কার্যক্রম চলমান রয়েছে। | খেলাপী ঋণ আদায়ে আর তৎপর হতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট। |

চলমান পাতা-০৬

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, তথ্যকেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সকল সেবা স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | উপজেলা পাট কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট অফিসার, আদিতমারী। |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা আদিতমারী, জানান যে, তার বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। খেলাপী ঋণ আদায়ে তৎপর হতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, আদিতমারী। |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম,আদিতমার |
| ২৯ | বিবিধ | সভায় প্রশাসক, আদিতমারী উপজেলা পরিষদ জানান যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ ও গণভোট অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণের সহযোগিতা কামনা করেন। পাশাপাশি গণভোটের বিষয়ে প্রচার প্রচারণায় সকলকে অংশগ্রহণের অনুরোধ জানান। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ ও গণভোট অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণকে তৎপর থাকতে হবে। গণভোটের প্রচার প্রচারণা করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০১/২৬

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৫-১৩১ (৪০) তারিখ: ১৩ মাঘ ১৪৩২ / ২৭ জানুয়ারি ২০২৬

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা ........................................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান ....................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।
০৮। ........................................................................আদিতমারী, লালমনিরহাট।

২৭/০১/২০২৬

(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অফিস)
unoaditmari@mopa.gov.bd

CamScanner